



মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ

নরকলিকাতা(শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সংলগ্ন), নড়িয়া, শরীয়তপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

মজিদ জরিনা ফাউন্ডেশন পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ নির্বাচিত শরীয়তপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজে নিম্নবর্ণিত “স্থায়ী ও অস্থায়ী” শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

ক্রম	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন
১	সহকারী প্রভাষক বাংলা(৪), ইংরেজি(৪), গণিত(৪), আইসিটি(২), পদার্থবিজ্ঞান(১), রসায়ন(১), উদ্ভিদবিজ্ঞান(১), প্রাণিবিজ্ঞান(১), ইতিহাস(১), ইসলাম শিক্ষা(২), অর্থনীতি(১), ফিন্যান্স ও ব্যাংকিং(২), সমাজবিজ্ঞান(২), ভূগোল ও পরিবেশ(১), শারীরিক শিক্ষা(১)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির (সমমানের জিপিএ) অনার্সসহ মাস্টার্স/ ৪ বছরের অনার্স সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। খ) আইসিটি বিষয়ের ক্ষেত্রে CSE/ICT/ICE/IT তে ন্যূনতম ২য় শ্রেণির (সমমানের জিপিএ) অনার্সসহ মাস্টার্স/ ৪ বছরের অনার্স সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। গ) শারীরিক শিক্ষার ক্ষেত্রে যেকোন বিষয়ে অনার্সসহ বিপিএড ডিগ্রিপ্রাপ্ত শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। ঘ) ৪ বছর মেয়াদী অনার্স কোর্সে যারা চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন করেছেন তারা কোর্স সম্পন্ন সনদ সংযুক্ত করে আবেদন করতে পারবেন, তবে নিয়োগ প্রাপ্তির পূর্বে অনার্স পাসের সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে। ঙ) ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩৪ বছর হতে হবে।	ক) ১৬০০০-৩৮৬৪০/- খ) আলোচনা সাপেক্ষে গ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী দুইটি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, বাড়ি ভাড়া, উৎকর্ষ সেবা ভাতা, চিকিৎসা ভাতা, প্রযোজ্য ক্ষেত্রে শ্রেণি তত্ত্বাবধায়ক ভাতা, SAT (সেকশন এ্যাডমিন টিচার) ভাতা, উত্তরপত্র মূল্যায়ন ভাতা, এক্সট্রা ক্লাস ভাতা ও ইনসেন্টিভ বোনাসের সুবিধা বিদ্যমান ঘ) কল্যাণ তহবিল ও পেনশন সুবিধা বিদ্যমান আছে।
২	সহকারী প্রদর্শক পদার্থবিজ্ঞান(১), রসায়ন(১) আইসিটি(১)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের অনার্স /বিএসসি(পাস) সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। খ) ৪ বছর মেয়াদী অনার্স কোর্সে যারা চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন করেছেন তারা কোর্স সম্পন্ন সনদ সংযুক্ত করে আবেদন করতে পারবেন, তবে নিয়োগ প্রাপ্তির পূর্বে অনার্স পাসের সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে। গ) আইসিটি বিষয়ের ক্ষেত্রে যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ডিগ্রি/ ১ বছরের কোর্স সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। ঘ) ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩৪ বছর হতে হবে।	ক) ১২৫০০-৩০২৩০/- খ) আলোচনা সাপেক্ষে গ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী দুইটি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, বাড়ি ভাড়া, উৎকর্ষ সেবা ভাতা, চিকিৎসা ভাতা, প্রযোজ্য ক্ষেত্রে SAT (সেকশন এ্যাডমিন টিচার) ভাতা, উত্তরপত্র মূল্যায়ন ভাতা, এক্সট্রা ক্লাস ভাতা ও ইনসেন্টিভ বোনাসের সুবিধা বিদ্যমান ঘ) কল্যাণ তহবিল ও পেনশন সুবিধা বিদ্যমান আছে।
৩	সহকারী অফিস ব্যবস্থাপক সহকারী অফিস করণিক(১), একাডেমিক এ্যাসিস্ট্যান্ট(১)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএ/ বিএসএস/ বিকম/ বিবিএস/ বিবিএ/ বিএসসি ডিগ্রি সম্পন্নকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। খ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে।	ক) ৯৩০০-২২৪৯০/- খ) আলোচনা সাপেক্ষে গ) প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী দুইটি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, বাড়ি ভাড়া, উৎকর্ষ সেবা ভাতা, চিকিৎসা ভাতা ও ইনসেন্টিভ বোনাসের সুবিধা বিদ্যমান ঘ) কল্যাণ তহবিল ও পেনশন সুবিধা বিদ্যমান আছে।

শর্তাবলিঃ ১। আবেদনকারীকে খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম লিখতে হবে, ২। ক্রম ১ নং পদের জন্য ৩০০/-, ক্রম ২ ও ৩ নং পদের জন্য ২০০/- টাকা আবেদনকারীরা **রকেট (বিহার আইডি: 4037 ; বিল নং: 136825)** এর মাধ্যমে টাকা পরিশোধ করবেন, ৩। টাকা পরিশোধের ট্রানজেকশন আইডি অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে, ৪। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর(সচল), জন্ম তারিখ, বয়স (৩০-০৯-২০২১ খ্রিঃ পর্যন্ত), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ৭ অক্টোবর, ২০২১ খ্রিঃ বেলা ১২.০০ টার মধ্যে mjfscrecruitment2021@gmail.com ঠিকানায় মেইল করবেন। অথবা উক্ত সময়ের মধ্যে আবেদনপত্র মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর ঠিকানায় ডাকযোগ্য/ সুন্দরবন কুরিয়ার সার্ভিস(শরীয়তপুর সদর শাখা)/ সরাসরি পৌছাতে হবে। আগামী ৮ অক্টোবর, ২০২১ খ্রিঃ, শুক্রবার সকাল ১১:০০ ঘটিকায় মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রবেশপত্র প্রদান/প্রেরণ করা হবে না, সরাসরি নির্দিষ্ট তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ৫। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নাগরিকত্বের সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র(যদি থাকে) ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে। ৬। নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে কোন শ্রেণীতে পাঠদান করতে বাধ্য থাকবেন।